দৈনিক ইনকিলাব

তারিখ ... 14 JAN 1994
পৃষ্ঠা ... ৭ কলাম ৬

166

# দাবী মানা না হলে সরকারী কলেজ শিক্ষকরা ২৯ জানুয়ারী থেকে কর্মবিরতিতে যাবেন

বাংলাদেশ সরকারী কলেজ প্রভাষক সমিতি ও বাংলাদেশ সরকারী কলেজ অধ্যাপক সমিতির প্রতিষ্ঠাতা সভাপতি অধ্যাপক কামাল আতাউর রহমান শিক্ষকদের বৃহত্তর কল্যাণের স্বার্থে অতীতের ন্যায় এবারও সমস্ত দায়-দায়িত্ব গ্রহণপূর্বক সিদ্ধান্ত ঘোষণা করছেন যে, ২০% কোটায় প্রায় ১ হাজার শিক্ষকের পদোন্নতি, ৫৫টি কলেজে ১৫শ' শিক্ষক পদ সৃষ্টি, ৯টি ক্যাডারের হিসাবে উচ্চতর বেতন স্কেল প্রদান, ক্ষতিগ্রস্ত শিক্ষকদের ভূতাপেক্ষ জ্যেষ্ঠতাসহ ১২ দফা বিষয়ে মন্ত্রণালয়ে মন্ত্রী, সচিব, অতিরিক্ত সচিব পর্যায়ে ১১টা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত আগামী

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## সরকারী কলেজ শিক্ষক

প্রথম পৃষ্ঠার পর

১৯ জানুয়ারীর মধ্যে বাস্তবায়িত না হলে ২৯ জানুয়ারী হতে অনির্দিষ্টকাল কর্মবিরতি পালনে সমিতি বাধ্য হবে। সকল পরীক্ষা কর্মবিরতির আওতা বহির্ভূত থাকবে। অধ্যাপক কামাল আতাউর রহমান ২৪ ঘণ্টার নোটিশে আন্দোলনে ঝাঁপিয়ে পড়ার জন্য সরকারী কলেজ শিক্ষকদের প্রস্তুত থাকতে অনুরোধ জানিয়েছেন। প্রেস বিজ্ঞপ্তি।